

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০২১.১৯.১৭৬

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪২৬

১৫ মে ২০১৯

বিষয়: প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্তকরণ প্রসঙ্গে।

জনাব নাজমুল হোসেন, মাঠসহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, কমলগঞ্জ, মৌলভীবাজার তার দায়িত্বপ্রাপ্ত আদমপুর ইউনিয়নের ০৯টি সমিতির সদস্যদের নিকট হতে সঞ্চয় ও ঋণের কিস্তিবাদ আদায়কৃত ৭,৮৩,৩৮২/- (সাত লক্ষ তিরিশি হাজার তিনশত বিরাশি ) টাকা আত্মসাৎ করেছেন যা ৩৩২ টি পাশ বই যাচাই করে পাওয়া গেছে। এ বিষয়ে উপজেলা সমন্বয়কারী কর্তৃক তাকে কৈফিয়ত তলব এবং আত্মসাতকৃত অর্থ অফিসে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলে তিনি কৈফিয়ত তলবের জবাবে আত্মসাতকৃত অর্থ জমা প্রদানের জন্য ০৩(তিন) মাস সময় চেয়েছেন মর্মে উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার লিখিতভাবে প্রকল্প সদর দপ্তরকে অবহিত করেছেন।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচারণ, আর্থিক অনিয়ম এবং দুর্নীতির শামিল। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। এ প্রেক্ষিতে তাকে প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্ত করে উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার এর কার্যালয়ে সংযুক্ত করা হলো। একইসাথে আত্মসাতকৃত ৭,৮৩,৩৮২/- (সাত লক্ষ তিরিশি হাজার তিনশত বিরাশি ) টাকা আগামী ০৭(সাত) দিনের মধ্যে যথাযথ খাতে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো।

৩. সরকারি অর্থ আত্মসাতের কারণে কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৪. আত্মসাতকৃত অর্থ আদায়পূর্বক যথাযথ খাতে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার-কে অনুরোধ করা হলো। উক্ত অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে অভিযুক্ত জনাব নাজমুল হোসেনের বিরুদ্ধে দুর্নীতি দমন আইনের সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের করার অনুমতি প্রদান করা হলো।



১৯-৫-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: [headoffice@ebek-rdcd.gov.bd](mailto:headoffice@ebek-rdcd.gov.bd)

জনাব নাজমুল হোসেন, মাঠসহকারী

আমার বাড়ি আমার খামার প্রকল্প, কমলগঞ্জ, মৌলভীবাজার।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০২১.১৯.১৭৬/১

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪২৬  
১৫ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, মৌলভীবাজার।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প, (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মৌলভীবাজার।
- ৬) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার।
- ৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার।
- ৮) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, কমলগঞ্জ, মৌলভীবাজার।



১৯-৫-২০১৯

আকবর হোসেন  
প্রকল্প পরিচালক